গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
আইসিটি শাখা
www.kurigram.gov.bd

**আগস্ট ২০২৩ মাসের জেলা ইনোভেশন টিম এর সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মিনহাজুল ইসলাম<br>অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)<br>কুড়িগ্রাম। |
| সভার তারিখ | : | ২০-০৮-২০২৩ খ্রি:। |
| সভার সময় | : | বেলা- ১২:২০ টা। |
| সভার স্থান | : | অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), কুড়িগ্রাম এর কক্ষ, কুড়িগ্রাম। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট- “ক” (স্বাক্ষরের ক্রমানুসারে) |

কুড়িগ্রাম জেলার ইনোভেশন টিমের সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। নিজ নিজ অধিক্ষেত্রে ইনোভেশন কার্যক্রমের বিষয়ে সভাপতি দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন এবং আলোচ্যসূচি পেশ করার জন্য সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রামকে অনুরোধ করেন। অত:পর নিম্নোক্ত এজেন্ডাভিত্তিক আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | **জেলা ও উপজেলা ইনোভেশন টিমের পুনর্গঠন সম্পর্কে আলোচনাঃ**<br>মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন মোতাবেক জেলা ইনোভেশন টিম ইতোমধ্যে পুনর্গঠন করা হয়েছে। সভাপতি যে সকল উপজেলা ইনোভেশন টিমের হালনাগাদ তথ্য পাওয়া যায়নি তাদের দ্রুততম সময়ের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রামকে অনুরোধ করেন। | মন্ত্রিপরিষদ বিভাগের ৮ এপ্রিল ২০১৩ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপনের নির্দেশনা মোতাবেক উপজেলা ইনোভেশন টিম প্রতিনিয়ত পুর্নগঠনপূর্বক দ্রুত এ কার্যালয়কে অবহিত করতে হবে। | উপজেলা ইনোভেশন অফিসার (সকল), কুড়িগ্রাম। |
| ২। | **মাল্টিমিডিয়া ক্লাসরুমঃ**<br>সভায় জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম যথাযথভাবে পরিচালনাকরণ এবং ক্লাসের যন্ত্রপাতি সংরক্ষণ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। শেখ রাসেল ডিজিটাল ল্যাব সমৃদ্ধ প্রতিষ্ঠানের প্রধানগণকে নিজ উদ্যোগে শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ কম্পিউটার ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাসের যন্ত্রপাতি সচল রেখে ক্লাসসমূহ পরিচালনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। | ১। মাল্টিমিডিয়া ক্লাসরুমসমৃদ্ধ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের মাল্টিমিডিয়া ক্লাসরুমের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>২। শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমৃদ্ধ শিক্ষা প্রতিষ্ঠানগুলো পরিদর্শন করে তার প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম<br>২। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কুড়িগ্রাম।<br>৩। জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম<br>৪। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, কুড়িগ্রাম। |
| ৩। | **উপজেলা ইনোভেশন টিমের সভা সম্পর্কে আলোচনাঃ**<br>প্রতিমাসে উপজেলা ইনোভেশন টিমের সভা করে নতুন ইনোভেশন প্রস্তাব/আইডিয়া গ্রহণ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। সভাপতি প্রতিটি উপজেলা হতে ইনোভেশন প্রস্তাব আহবান করেন। জেলা ইনোভেশন টিমের সভার ১ (এক) সপ্তাহ পূর্বে উপজেলা ইনোভেশন টিমের সভা নিয়মিত অনুষ্ঠানপূর্বক উপজেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করেন । | ১। প্রতিমাসে উপজেলা ইনোভেশন টিমের সভা করে সভার কার্যবিবরণী পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে এ কার্যালয়ে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।<br>২। উপজেলা থেকে ইনোভেশন প্রস্তাব প্রেরণ করতে হবে। | ১। উপজেলা ইনোভেশন অফিসার (সকল) কুড়িগ্রাম<br>২। সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম |

| | | | |
|---|---|---|---|
| ৪। | **সেবা প্রদানে ইনোভেটিভ আইডিয়া এর কার্যক্রম সম্পর্কে আলোচনাঃ**<br>মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে নাগরিক সেবা সহজীকরণের জন্য ইনোভেশন কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান ও এনজিওসমূহে ইনোভেটিভ আইডিয়া আছে যা স্বল্প যাতায়াত, সময় ও খরচে সম্পন্ন হয় তা নিয়ে সভায় আলোচনা করা হয়। ইনোভেশন কার্যক্রম আরও গতিশীল করার বিষয়ে গুরুত্বারোপ করে জেলায় বাস্তবায়নাধীন ইনোভেশন প্রকল্পগুলো সফলভাবে এগিয়ে নিতে সকল দপ্তর প্রধানগণকে সক্রিয়ভাবে কাজ করার জন্য সভাপতি অনুরোধ করেন। এই লক্ষ্যে প্রত্যেক দপ্তরকে নতুন নতুন ইনোভেটিভ আইডিয়া গ্রহণপূর্বক এটুআই ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণপূর্বক সংশ্লিষ্ট অফিসে বাস্তবায়ন বিষয়ে আলোচনা করা হয়। | ১) জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান, এনজিওসমূহ ও জেলা পর্যায়ের সকল দপ্তর/বিভাগ, উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ও কোর অফিসারকে নতুন নতুন ইনোভেটিভ আইডিয়া গ্রহণ করে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br><br>২) জেলার অন্যান্য সকল সরকারি দপ্তরকে ইনোভেটিভ উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১) জেলা ইনোভেশন অফিসার, কুড়িগ্রাম।<br><br>২) জেলার সংশ্লিষ্ট সকল সরকারি দপ্তর প্রধান। |
| ৫। | **মাসিক উন্নয়ন সমন্বয় সভা ও অন্যান্য সমন্বয় সভায় ইনোভেশন আলোচনা সংক্রান্তঃ**<br>সভায় কুড়িগ্রাম জেলার ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবন সহায়ক পরিবেশ তৈরির লক্ষ্যে জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা, জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটির সভা, জেলা রাজস্ব সভা, জেলা পর্যায়ের অন্যান্য সভা ও মাসিক স্টাফ মিটিংয়ের আলোচ্যসূচীতে 'উদ্ভাবন উদ্যোগ' অন্তর্ভুক্তকরণ এবং Innovative উদ্ভাবক ও বাস্তবায়নকারীদের প্রণোদনা প্রদান ও উদ্যোগী কর্মকর্তা/কর্মচারীদেরকে বিভিন্ন পর্যায়ে পুরস্কার প্রদান বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উদ্ভাবন সহায়ক পরিবেশ তৈরির লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত সভাসমূহের আলোচ্যসূচিতে 'উদ্ভাবন উদ্যোগ' অন্তর্ভুক্ত করতে হবে। | ১। অতিরিক্তি জেলা প্রশাসক (সার্বিক)/ (রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্তি জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম। |
| ৬। | **জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল সম্পর্কে আলোচনাঃ**<br>দপ্তর/প্রতিষ্ঠানের ওয়েবসাইট হ্যাকিং রোধে নিরাপত্তা জোরদারের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করার উপর গুরুত্বারোপ করা হয়। | সকল দপ্তর/ প্রতিষ্ঠানের ওয়েবসাইটের হ্যাকিং রোধে শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহার করতে হবে এবং টু স্টেপ ভেরিফিকেশন চালুর জন্য সকল দপ্তরের ওয়েব পোর্টালের ইউজার এডমিন প্রোফাইল আপডেট করতে হবে। | ১। দপ্তর/ প্রতিষ্ঠান প্রধান (সকল), কুড়িগ্রাম ।<br>২। সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম। |

পরিশেষে, এ জেলার বিভিন্ন দপ্তরের কাজের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত পরিপত্রের বিধান অনুসরণের পাশাপাশি নতুন কর্মপরিকল্পনা গ্রহণের জন্য উদ্যোগ নেওয়ার অনুরোধ জানান। একইসাথে ইনোভেটিভ আইডিয়া নিয়ে জনমুখী সেবাকে আরও গতিশীল করার সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৮/২০২৩

মোঃ মিনহাজুল ইসলাম
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম
ও
সভাপতি
জেলা ইনোভেশন টিম।
ই-মেইলঃ adcgkurigram@mopa.gov.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
কুড়িগ্রাম
আইসিটি শাখা
www.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০০.০২৬.২৯.০০৩.২৩.১০৮

তারিখঃ ০৮ ভাদ্র, ১৪৩০
২৩ আগস্ট, ২০২৩

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৪। উপজেলা নির্বাহী অফিসার ........................................................... (সকল),কুড়িগ্রাম (তাঁকে উপজেলাস্থ সকল দপ্তর/বিভাগকে অবহিতকরণের অনুরোধ করা হলো)।

৫। .............................................................
.............................................................

২৩.৪.(২৩)

রেদওয়ান ইসলাম
সহকারী কমিশনার (আইসিটি)
ফোনঃ ০২৫৮৯৯-৫০০৪০
ই-মেইলঃ acictkurigram@mopa.gov.bd